

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির ২য় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর/২০২২) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মোঃ গাজী গোলাম মর্তুজা
প্রকল্প পরিচালক
সম্প্রসারিত তুলা চাষ প্রকল্প (ফেজ-১) (২য় সংশোধিত)
ও
আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটি
সভার তারিখ : ০৮/১১/২০২২
সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, তুলা উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম [১.২] অনুসারে অক্টোবর/২২ হতে ডিসেম্বর/২২ প্রান্তিকে (২য় প্রান্তিকে) অনুষ্ঠিত “সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন” সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে অধ্যকার সভার আয়োজন করা হয়েছে।

১.২ সভায় তুলা উন্নয়ন বোর্ডের বর্তমান সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচনাকালে সদস্য সচিব সাবিহা রোকসানা অবহিত করেন যে, তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করে ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতির বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন যা নিম্নরূপ

ক্র:নং	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম	১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি
১.	[১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে।
২.	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে।
৩.	[১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয় ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা হয়েছে।
৪.	[১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি	এ কার্যক্রমটির আওতায় ১ম প্রান্তিকে তুলা উন্নয়ন

	হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ)	বোর্ডসহ এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে।
৫.	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	১ম প্রান্তিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার করা হয়নি। তবে ২য় প্রান্তিকে করা হয়েছে।
৬.	[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২য় ও ৪র্থ প্রান্তিকে ১টি করে মোট ২টি অবহিতকরণ সভা আয়োজন করা হবে।

১.৩ সভাপতি তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা করে বলেন যে সেবা প্রদান প্রতিশ্রুতিতে কিছুটা সংশোধন করা প্রয়োজন। পরিবীক্ষণ কমিটি তুলা উন্নয়ন বোর্ডের হিসাব শাখা, প্রশাসন শাখা, আকস্মিক পরিদর্শন করতে পারে।

২। সিদ্ধান্ত: পরিশেষে বিশদ আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা অনুসারে ২য় প্রান্তিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন করতে হবে।	তুলা উন্নয়ন কর্মকর্তা পরিকল্পনা শাখা
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিতকরণে তুলা উন্নয়ন বোর্ডের ন্যূনতম ২টি সেবা প্রদানকারী শাখা আকস্মিক পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৩নং সেবা 'জিনিং বিষয়ে সহায়তা প্রদান' এর পরিবর্তে 'জিনিং সহায়তা প্রদানে অনুমোদন প্রদান' সংশোধন, নাগরিক সেবার ৫নং সেবা তুলার বালাইনাশক ট্রায়ালের অনুমোদন সেবাটি প্রাতিষ্ঠানিক সেবায় স্থানান্তর করার সুপারিশ করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় আপিল কর্মকর্তা নিদিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে সচিব কৃষি মন্ত্রণালয় এর পরিবর্তে মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল এবং সে অনুযায়ী যোগাযোগের ঠিকানা পরিবর্ত করার সুপারিশ করা হয়।	তুলা উন্নয়ন কর্মকর্তা পরিকল্পনা শাখা

৩। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



ড. মোঃ গাজী গোলাম মর্তুজা
প্রকল্প পরিচালক

সম্প্রসারিত তুলা চাষ প্রকল্প (ফেজ-১) (২য় সংশোধিত)

ও

আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার)
পরিবীক্ষণ কমিটি